# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৯৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০০]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৬৬: যে ব্যক্তি দিবারাতে ফরয ব্যতীত বারো রাক’আত সালাত আদায় করে তার সাওয়াব প্রসঙ্গে এবং উম্মু হাবীবাহ্-এর হাদীস বর্ণনা ‘আত্বা-এর ওপর মতানৈক্য

باب ثَوَابِ مَنْ صَلَّى فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ ثِنْتَىْ عَشْرَةَ رَكْعَةً سِوَى الْمَكْتُوبَةِ وَذِكْرِ اخْتِلاَفِ النَّاقِلِينَ فِيهِ لِخَبَرِ أُمِّ حَبِيبَةَ فِي ذَلِكَ وَالاِخْتِلاَفِ عَلَى عَطَاءٍ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ حُبَابٍ، قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ سَعِيدٍ الطَّائِفِيُّ، قَالَ: حَدَّثَنَا عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ، عَنْ يَعْلَى بْنِ أُمَيَّةَ، قَالَ: قَدِمْتُ الطَّائِفَ فَدَخَلْتُ عَلَى عَنْبَسَةَ بْنِ أَبِي سُفْيَانَ وَهُوَ بِالْمَوْتِ، فَرَأَيْتُ مِنْهُ جَزَعًا، فَقُلْتُ: إِنَّكَ عَلَى خَيْرٍ، فَقَالَ: أَخْبَرَتْنِي أُخْتِي أُمُّ حَبِيبَةَ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ صَلَّى ثِنْتَيْ عَشْرَةَ رَكْعَةً بِالنَّهَارِ أَوْ بِاللَّيْلِ بَنَى اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ ، خَالَفَهُمْ أَبُو يُونُسَ الْقُشَيْرِيُّ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٥٨٦٥) (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1800 - صحيح الإسناد

বাংলা

১৭৯৯. মুহাম্মাদ ইবনু রাফি' (রহ.) ..... ইয়া'লা ইবনু উমায়্যাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ত্বায়িফ গিয়ে ‘আম্বাসাহ্ ইবনু আবূ সুফইয়ান (রাঃ)-এর নিকট গেলাম। তিনি তখন মৃত্যু শয্যায় ছিলেন। আমি তার মধ্যে (মৃত্যুর) ভীতি লক্ষ্য করে বললাম, ভালো অবস্থাতেই তো আপনার মৃত্যু হচ্ছে। তিনি বললেন, আমাকে আমার বোন উম্মু হাবীবাহ্ (রাঃ) অবহিত করেছেন যে, রসূলুল্লাহ (সা.) বলেন, যে ব্যক্তি দিবা রাতে বারো রাক’আত সালাত আদায় করবে, আল্লাহ তা'আলা তার জন্যে জান্নাতে একটি ঘর বানাবেন।

## English

The reward of one who prays twelve rak'ahs apart from the prescribed prayers during the day and night

It was narrated that Ya'la bin Umayyah said: I came to At-Ta'if and entered upon Anbasah bin Abi Sufyan when he was dying. I saw that he was afraid so I said: 'You will be fine.' He said: 'My sister Umm Habibah told me that the Messenger of Allah (ﷺ) said: Whoever prays twelve rak'ahs by day or by night, Allah, the Mighty and Sublime, will build for him a house in Paradise.'

### ফুটনোট

সনদ সহীহঃ মুসনাদে আহমাদ ২৬৮১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন